লেন্স এশিয়া

২৩ জুলাই, ২০২৫

# "গুলি করি, মরে একটা" বলা সেই সাবেক ডিসি ইকবালকে সাময়িক প্রত্যাহার




সংগৃহীত ছবি

ঢাকা মহানগর পুলিশের ওয়ারী বিভাগের সাবেক উপপুলিশ কমিশনার (ডিসি) মোহাম্মদ ইকবাল হোসাইনকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি হওয়া প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

সিনিয়র সচিব নাসিমুল গনির সই করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, বর্তমানে খুলনা রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত ইকবাল হোসাইন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ২০২৪ সালের ২৮ আগস্ট থেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সরকারি কর্মচারী বিধিমালা অনুযায়ী এটি পলায়ন হিসেবে বিবেচিত এবং শাস্তিযোগ্য অপরাধ। বিধি অনুসারে, অনুপস্থিতির দিন থেকেই তাকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত কার্যকর ধরা হবে। বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা পাবেন।

উল্লেখ্য, ২০২৪ সালের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের সঙ্গে ডিসি ইকবাল হোসাইনের কথোপকথনের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়। সেখানে ইকবাল হোসাইনকে বলতে শোনা যায়, 'গুলি করে করে লাশ নামানো লাগছে স্যার। গুলি করি, মরে একটা, আহত হয় একটা, একটাই যায় স্যার, বাকিডি যায় না। এইটা হলো স্যার সবচেয়ে বড় আতঙ্কের এবং দুশ্চিন্তার বিষয়।'

ভিডিওটি প্রকাশের পর তাকে নিয়ে ব্যাপক সমালোচনা হয়। তবে তার বিরুদ্ধে নেওয়া সাম্প্রতিক প্রশাসনিক ব্যবস্থাটি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগকে ঘিরেই নেওয়া হয়েছে বলে জানানো হয় প্রজ্ঞাপনে

LENS ASIA